গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ বেতার
সদর দপ্তর
৩১/১, সৈয়দ মাহবুব মোর্শেদ সরণি
শেরে-ই-বাংলা নগর, আগারগাঁও, ঢাকা-১২০৭।
www.betar.gov.bd

নম্বর: ১৫.৫৩.০০০০.০১৪.৩১.০৬২.২০.১৭৯২(ক)　　　　তারিখ: ২০/০৬/২০২১ খ্রিষ্টাব্দ।

## সভার নোটিশ

২০২০-২১ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল ও কর্ম-পরিকল্পনা অনুযায়ী অংশীজনের (Stakeholders) অংশগ্রহণে আগামী ২১ জুন ২০২১ তারিখ সোমবার বিকাল ০৩.০০ ঘটিকায় মহাপরিচালক মহোদয়ের সভাপতিত্বে সদর দপ্তরের সম্মেলন কক্ষে এক সভা অনুষ্ঠিত হবে।

০২। উক্ত সভায় সংশ্লিষ্ট সকলকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২০.৬.২১

মোঃ আল আমিন খান
অতিরিক্ত পরিচালক (প্রশাসন ও অর্থ)
মহাপরিচালকের পক্ষে।
☎: ৪৪৮১৩০৭৩

বিতরণ: অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। অতিরিক্ত মহাপরিচালক (অনুষ্ঠান), বাংলাদেশ বেতার ,সদর দপ্তর, ঢাকা।
২। প্রধান প্রকৌশলী, বাংলাদেশ বেতার ,সদর দপ্তর, ঢাকা।
৩। উপ-মহাপরিচালক (বার্তা),বাংলাদেশ বেতার , সদর দপ্তর, ঢাকা।
৪। অতিরিক্ত পরিচালক (প্রশাসন ও অর্থ), বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা।
৫। উপ-পরিচালক (প্রশাসন ও অর্থ), বাংলাদেশ বেতার , সদর দপ্তর, ঢাকা।
৬। মহাপরিচালক মহোদয়ের একান্ত সহকারী (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতিকল্পে)।
৭। পরিচালক প্রশাসন ও অর্থ মহোদয়ের একান্ত সহকারী পরিচালক (মহোদয়ের সদয় অবগতিকল্পে)।
৮। নথি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ বেতার
সদর দপ্তর
৩১/১, সৈয়দ মাহবুব মোর্শেদ সরণি
শের-ই-বাংলা নগর,আগারগাঁও, ঢাকা-১২০৭।
www.betar.gov.bd

নম্বর: ১৫.৫৩.০০০০.০১৪.১০.১০৯.১৭.১৭৯৫(খ) তারিখ:২১/০৬/২০২১ খ্রিষ্টাব্দ

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব আহম্মদ কামরুজ্জামান, মহাপরিচালক, বাংলাদেশ বেতার, ঢাকা। |
| স্থান | : | বাংলাদেশ বেতার, সদর দপ্তরের সম্মেলন কক্ষ। |
| তারিখ ও সময় | : | ২১ জুন ২০২১; সময়: বিকাল ০৩:০০ ঘটিকা। |
| সভায় অংশগ্রহণকারী | : | পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য |

২০২০-২১ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল ও কর্ম-পরিকল্পনা অনুযায়ী অংশীজনের (Stakeholders) অংশগ্রহণে সভার কার্যবিবরণী।

বাংলাদেশ বেতারের শ্রোতাসংখ্যা ও বাণিজ্যিক আয় বৃদ্ধির উদ্দেশ্যে ২১ জুন, ২০২১ তারিখে বিকাল ৩:০০টায় বাংলাদেশ বেতার, সদরদপ্তর, ঢাকার সম্মেলন কক্ষে মহাপরিচালক মহোদয়ের সভাপতিত্বে বেতারের বাণিজ্যিক কার্যক্রম, বাংলাদেশ বেতার, ঢাকার উর্ধবতন কর্মকর্তা/কর্মচারী/শিল্পী ও কলাকুশলীদের অংশগ্রহণে অংশীজনের এক সভা অনুষ্ঠিত হয়। সভার উপস্থিতির তালিকা পরিশিষ্ট 'ক' তে সংযুক্ত। উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে মহাপরিচালক মহোদয় সভা শুরু করেন। অতিরিক্ত মহাপরিচালক (অনুষ্ঠান) সভার মূল আলোচ্য বিষয় নিয়ে সংক্ষিপ্ত বক্তব্য দেন। বাণিজ্যিক কার্যক্রমের বিজ্ঞাপন ও অন্যান্য নীতিমালা সংশ্লিষ্ট একটি স্লাইড প্রেজেন্টেশন করা হয়। প্রেজেন্টেশন শেষে নিম্নবর্ণিত বিষয়সমূহ নিয়ে আলোচনা ও সিদ্ধান্ত গৃহিত হয়।

সভায় সকলের বিশদ আলোচানার প্রেক্ষিতে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

১.১। বাণিজ্যিক কার্যক্রমের এফ এম ট্রান্সমিটারের ফ্রিকোয়েন্সী ১০৪ মেগাহার্জের এর পরিবর্তে ১০০ মেগাহার্জে এর নিচে ফ্রিকোয়েন্সী প্রদান।

| সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নকারী |
|---|---|
| ১০৪ মেগাহার্জের পরিবর্তে ৯০ মেগাহার্জ ফ্রিকোন্সী প্রদানের বিষয় সিদ্ধান্ত গৃহীত হয়। তবে ৯০ মেগাহার্জ ট্রান্সমিটারটি কবিরপুর থেকে শ্যামলীতে VOA টাওয়ারে স্থাপন না করা পর্যন্ত বাণিজ্যিক কার্যক্রমের অনুষ্ঠান এফ এম ১০৪ মেগাহার্জে প্রচারিত হতে থাকবে। | প্রধান প্রকৌশলী |

১.২। খেলা সম্প্রচারের জন্য ব্রান্ডিং চ্যানেল-এর বিষয়ে সভায় আলোচনা হয়।

| সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নকারী |
|---|---|
| এখন থেকে প্রতিটি খেলা মিডিয়াম ওয়েব ৬৩০ কিলোহার্জ ও এফ এম ১০৪ মেগাহার্জ সহ ঢাকায় এফ এম ৮৮.৮ মেগাহার্জেও প্রচারিত হবে। ঢাকার বাইরে বিভিন্ন আঞ্চলিক কেন্দ্রে এফ এম ৮৮.৮ মেগাহার্জ অথবা সুবিধামত অন্য ফ্রিকোয়েন্সীতে খেলা সম্প্রচার হবে (এফ এম ৯০ অথবা ১০৪)। | অতিরিক্ত মহাপরিচালক (অনুষ্ঠান) / পরিচালক (অনুষ্ঠান) |

১.৩। বাংলাদেশ বেতারের প্রতিটি ইউনিট ও আঞ্চলিক কেন্দ্রে বিজ্ঞাপন প্রচার বিষয়।

| সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নকারী |
|---|---|
| বাংলাদেশ বেতারের প্রতিটি কেন্দ্র এবং ইউনিটে বিজ্ঞাপন প্রচার করা যাবে। বিজ্ঞাপনের জন্য নির্দিষ্ট কোন সময় বরাদ্দ থাকবে না। বিজ্ঞাপনদাতা যে সময়ে বিজ্ঞাপন প্রদানে আগ্রহী হবেন, সে সময় বিজ্ঞাপন প্রচারের ব্যবস্থা করতে হবে। প্রতিটি কেন্দ্র একজন কর্মকর্তাকে নিয়মিত বিজ্ঞাপন সংগ্রহ প্রচারের জন্য দায়িত্ব প্রদান করবেন। | অতিরিক্ত মহাপরিচালক (অনুষ্ঠান) / পরিচালক (অনুষ্ঠান) / আঞ্চলিক পরিচালক (সকল কেন্দ্র) |

অপর পাতা-০২

১.৪। সংবাদ / অনুষ্ঠানের পূর্বে ও মাঝে বিজ্ঞাপন প্রচারের বিষয় সভায় আলোচনা হয়।

| সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নকারী |
|---|---|
| সংবাদের মাঝে নিয়মিত বিরতিতে সর্বোচ্চ ০৩ (তিন) মিনিট পর্যন্ত বিজ্ঞাপন দেয়া যাবে। তবে সংবাদের ব্যাপ্তিকাল কমানো যাবে না। বিজ্ঞাপনদাতার চাহিদা অনুযায়ী সব অনুষ্ঠানেই বিজ্ঞাপন দেয়া যাবে। | পরিচালক (বার্তা) / পরিচালক, বাণিজ্যিক কার্যক্রম |

১.৫। বর্তমানে সকাল ০৯টা থেকে সন্ধ্যা ০৭টা পর্যন্ত বাণিজ্যিক কার্যক্রমের অনুষ্ঠান প্রচার হয়। বিজ্ঞাপন প্রাপ্তির সুবিধার্থে বাণিজ্যিক কার্যক্রম, বাংলাদেশ বেতারের সম্প্রচার সময় বৃদ্ধি বিষয় সভায় আলোচনা হয়।

| সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নকারী |
|---|---|
| বানিজ্যিক কার্যক্রম, বাংলাদেশ বেতার ঢাকা সকাল ০৯টা থেকে রাত ১১:৩০টা পর্যন্ত প্রচারিত হবে। মিডিয়াম ওয়েব ৬৩০ কিলোহার্জ ও এফ এম ১০৪ মেগাহর্জে (অথবা ৯০ মেগাহার্জে) অনুষ্ঠান প্রচার হবে। | অতিরিক্ত মহাপরিচালক (অনুষ্ঠান) /পরিচালক বাণিজ্যিক কার্যক্রম / সিনিয়র প্রকৌশলী, বাংলাদেশ বেতার, ঢাকা |

১.৬। বাণিজ্যিক কার্যক্রমের বিজনেস সেকশনের জনবল সংকট বিষয়ে সভায় আলোচনা হয়।

| সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নকারী |
|---|---|
| বেতার বাংলার বিজনেস ম্যানেজার বাণিজ্যিক কার্যক্রমে সংযুক্তিতে কাজ করবে অথবা অন্য একজন উপ-পরিচালককে বিজনেস ম্যানেজার পদে সংযুক্তিতে দায়িত্ব প্রদান করা হবে। এছাড়া একজন সহকারী পরিচালক (অনুষ্ঠান) কে বাণিজ্যিক কার্যক্রমে পদায়নের বিষয় সিদ্ধান্ত গৃহীত হয়। | মহাপরিচালক / পরিচালক, বাণিজ্যিক কার্যক্রম |

১.৭। বিজ্ঞাপন মূল্য তালিকা হালনাগাদ ও যুগোপযোগীকরণ।

| সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নকারী |
|---|---|
| বিজ্ঞাপনের নতুন নতুন ধারণা সংযুক্ত করে বেতারের জন্য একটি হালনাগাদ মূল্যতালিকা তৈরীর সিদ্ধান্ত গৃহীত হয়। এজেন্সী কমিশন ১৫% থেকে ২০% করার প্রস্তাব মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে অনুমোদনের অপেক্ষায় আছে। | পরিচালক বাণিজ্যিক কার্যক্রম |

১.৮। বাণিজ্যিক কার্যক্রমের বাণিজ্যিক আয় বৃদ্ধির জন্য একটি মার্কেটিং সেট-আপ তৈরীর বিষয়ে আলোচনা হয়। ১০/১৫ জন বাণিজ্যিক প্রতিনিধি নিয়োগ দেয়া যেতে পারে। তারা বিভিন্ন বিজ্ঞাপনদাতার নিকট থেকে বাংলাদেশ বেতারের জন্য বিজ্ঞাপন সংগ্রহ করবেন। তাদের সংগৃহীত বিজ্ঞাপনের উপর সরকার নির্ধারিত হারে ২৫% হারে কমিশন প্রদান করা যেতে পারে।

| সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নকারী |
|---|---|
| সিদ্ধান্ত গৃহীত হয়নি। | পরিচালক, বাণিজ্যিক কার্যক্রম |

অপর পাতা-০৩

১.৯। বাণিজ্যিক কার্যক্রমের জন্য প্রধান ফটকে বিজ্ঞাপন বুথ / রিসিপশন-এর ব্যবস্থা করা। বাংলাদেশ বেতারে বিজ্ঞাপনকে আকর্ষিত করার জন্য এবং বিজ্ঞাপনদাতাদের ভালোভাবে স্বাগত জানানোর জন্য প্রধান ফটকে একটি বিজ্ঞাপন বুথ / রিসিপশনের ব্যবস্থা করা হবে।

| সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নকারী |
|---|---|
| সিদ্ধান্ত গৃহীত হয়নি। | মহাপরিচালক / পরিচালক, বাণিজ্যিক কার্যক্রম |

১.১০। বেতারের কর্মকর্তা / কর্মচারীদের বিজ্ঞাপন সংগ্রহে উৎসাহ প্রদান বিষয়ে আলোচনা।

| সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নকারী |
|---|---|
| বেতারের কর্মকর্তা / কর্মচারীদের বিজ্ঞাপন সংগ্রহকে বিশেষ শ্রমসাধ্য কাজ হিসাবে বিবেচনা করা এবং প্রতিটি দপ্তর সে অনুযায়ী মহাপরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে সরকারী বিধি মোতাবেক পারিশ্রমিক প্রদান করবে। | দপ্তর প্রধান |

১.১১। বাংলাদেশ বেতারের শ্রোতা সংখ্যা ও ট্রান্সমিটারের কভারেজ এরিয়া জরিপ বিষয় আলোচনা হয়।

| সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নকারী |
|---|---|
| তৃতীয় কোন পক্ষকে দিয়ে জরিপ করানোর বিষয় সিদ্ধান্ত হয়। জরিপ সংক্রান্ত ব্যয় সদর দপ্তর থেকে বহন করা হবে। | মহাপরিচালক / অতিরিক্ত মহাপরিচালক (অনুষ্ঠান) |

১.১২। আঞ্চলিক কেন্দ্রসমূহের আয় বৃদ্ধি সংক্রান্ত বিষয়ে আলোচনা হয়।

| সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নকারী |
|---|---|
| প্রতিটি আঞ্চলিক কেন্দ্রকে আয়ের লক্ষ্যমাত্রা নির্ধারণ করে দেয়া হবে। তাদের এই লক্ষ্যমাত্রা অর্জন **APA** সাথে সম্পর্কিত হবে। একজন উপ-আঞ্চলিক পরিচালক সহকারী পরিচালক (অনুষ্ঠান) কে বিজনেস-এর দায়িত্ব দিতে হবে। | মহাপরিচালক / আঞ্চলিক পরিচালক |

১.১৩। বিদেশে অনুষ্ঠিতব্য আন্তর্জাতিক খেলা সমূহ সরাসরি মাঠ থেকে সম্প্রচারের উদ্যোগ গ্রহণ করা।

| সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নকারী |
|---|---|
| বেতারের জনপ্রিয়তা ও বাণিজ্যিক আয় বৃদ্ধির লক্ষ্যে বিভিন্ন আন্তর্জাতিক ম্যাচসমূহ সরাসরি বিদেশের ভ্যানু থেকে সরাসরি সম্প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য মন্ত্রনালয়ে যোগাযোগ করা হবে মর্মে সিদ্ধান্ত গৃহিত হয়। বাণিজ্যিক কার্যক্রম বাংলাদেশ বেতার পূর্বেই এ বিষয়ে যথাযথ উদ্যোগ গ্রহণ করবে। | মহাপরিচালক / পরিচালক, বাণিজ্যিক কার্যক্রম |

১.১৪। বাংলাদেশ ক্রিকেট বোর্ডের সাথে মিডিয়া পার্টনার হিসাবে কাজ করার বিষয় আলোচনা হয়।

| সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নকারী |
|---|---|
| বাংলাদেশ ক্রিকেট বোর্ডের সাথে মিডিয়া পার্টনার হিসাবে কাজ করার বিষয় সিদ্ধান্ত হয়। এ ব্যাপারে যোগাযোগ অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | পরিচালক বাণিজ্যিক কার্যক্রম |

অপর পাতা-০৪

১.১৫। বিজ্ঞাপন মূল্য পরিশোধের বিষয় সভায় আলোচনা হয়।

| সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নকারী |
|---|---|
| মূল্য পরিশোধের ক্ষেত্রে পে-অডার নিতে হবে। তবে স্বনামধন্য এবং পুরাতন বিজ্ঞাপন এজেন্সীর ক্ষেত্রে চেক গ্রহণ করা যেতে পারে। | পরিচালক<br>বাণিজ্যিক কার্যক্রম |

১.১৬। বিজ্ঞাপনদাতা / এজেন্সীর সাথে যোগাযোগ বৃদ্ধির বিষয় সভায় আলোচনা হয়।

| সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নকারী |
|---|---|
| ঈদুল-ফিতরের পরে সুবিধাজনক কোন সময় বিজ্ঞাপনদাতাদের সাথে মিটিং-এর আয়োজন করতে হবে। তাদের জন্য বেতারে বিজ্ঞাপন প্রচারের সুবিধা সম্বলিত একটি বুকলেট তৈরী করতে হবে। | পরিচালক<br>বাণিজ্যিক কার্যক্রম |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় মহাপরিচালক মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

আহম্মদ কামরুজ্জামান
মহাপরিচালক (চলতি দায়িত্ব)
ফোন: ৪৪৮১৩০৬২

নম্বর: ১৫.৫৩.০০০০.০১৪.১০.১০৯.১৭.১৭৯৫(খ) তারিখ:২১/০৬/২০২১ খ্রিষ্টাব্দ

বিতরণ: সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)।

১। অতিরিক্ত মহাপরিচালক (অনুষ্ঠান), বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা।
২। প্রধান প্রকৌশলী, বাংলাদেশ বেতার, আগারগাঁও, ঢাকা।
৩। উপ-মহাপরিচালক (বার্তা), বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা।
৪। উপ-মহাপরিচালক (অনুষ্ঠান-১/অনুষ্ঠান-২), বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা।
৫। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সংরক্ষণ ও সরঞ্জাম/কারিগরী কার্য, বাংলাদেশ বেতার, ঢাকা/বাংলাদেশ বেতার, কবিরপুর, ঢাকা/মহাশক্তি প্রেরণ কেন্দ্র, বাংলাদেশ বেতার, ধামরাই, ঢাকা।
৬। পরিচালক, বাংলাদেশ বেতার, ঢাকা।
৭। পরিচালক (প্রশাসন ও অর্থ), বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা।
৮। পরিচালক, অনুষ্ঠান/লিয়াজোঁ/শিক্ষা/সংগীত/কৃষি বিষয়ক কার্যক্রম/জনসংখ্যা, স্বাস্থ্য ও পুষ্টি সেল/কেন্দ্রীয় বার্তা সংস্থা/মনিটরিং পরিদপ্তর/বাণিজ্যিক কার্যক্রম/ট্রান্সক্রিপশন সার্ভিস/বহির্বিশ্ব কার্যক্রম, বাংলাদেশ বেতার, ঢাকা/বাংলাদেশ বেতার, চট্টগ্রাম।
৯। আবাসিক প্রকৌশলী, উচ্চশক্তি প্রেরণ কেন্দ্র-১/২, বাংলাদেশ বেতার, সাভার, ঢাকা/বাংলাদেশ বেতার, নওয়াপাড়া, যশোর/বাংলাদেশ বেতার, কালুরঘাট, চট্টগ্রাম/বাংলাদেশ বেতার, কাহালু, বগুড়া।
১০। সিনিয়র প্রকৌশলী, গবেষণা ও গ্রহণ কেন্দ্র, বাংলাদেশ বেতার, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ সেবাবক্স বিষয়ক নির্দেশনা বাস্তবায়নকল্পে)।
১১। সিনিয়র প্রকৌশলী, বাংলাদেশ বেতার, আগারগাঁও, ঢাকা।
১২। সিনিয়র প্রকৌশলী, গবেষণা ও গ্রহণ কেন্দ্র/সংরক্ষণ শাখা/জাতীয় বেতার ভবন/পরিকল্পনা শাখা, বাংলাদেশ বেতার, আগারগাঁও, ঢাকা।
১৩। আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার, রাজশাহী/সিলেট/রংপুর/খুলনা/বরিশাল/কক্সবাজার/বান্দরবান/ঠাকুরগাঁও/রাঙ্গামাটি/ কুমিল্লা/ গোপালগঞ্জ/ময়মনসিংহ।
১৪। আঞ্চলিক পরিচালক, বেতার প্রকাশনা দপ্তর, বাংলাদেশ বেতার, ঢাকা।
১৫। অতিরিক্ত পরিচালক (প্রশাসন ও অর্থ), বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা।
১৬। আঞ্চলিক প্রকৌশলী, বাংলাদেশ বেতার, চট্টগ্রাম/রাজশাহী/সিলেট/রংপুর/খুলনা/বরিশাল/কক্সবাজার/বান্দরবান/ঠাকুরগাঁও/ রাঙ্গামাটি/গোপালগঞ্জ/ময়মনসিংহ/নিম্নশক্তি প্রেরণ কেন্দ্র, বাংলাদেশ বেতার, লালমাই, কুমিল্লা।
১৭। স্টেশন প্রকৌশলী, মনিটরিং পরিদপ্তর/ট্রান্সক্রিপশন সার্ভিস, বাংলাদেশ বেতার, ঢাকা।
১৮। আঞ্চলিক বার্তা নিয়ন্ত্রক, বাংলাদেশ বেতার, চট্টগ্রাম/রাজশাহী/সিলেট/রংপুর/খুলনা/বরিশাল/কক্সবাজার/বান্দরবান/ঠাকুরগাঁও/ রাঙ্গামাটি/কুমিল্লা/গোপালগঞ্জ/ময়মনসিংহ।।
১৯। উপ-পরিচালক (প্রশাসন ও অর্থ), বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা।
২০। উপ-বার্তা নিয়ন্ত্রক (কমন), বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা।
২১। উপ-আঞ্চলিক প্রকৌশলী, কেন্দ্রীয় ভান্ডর, বাংলাদেশ বেতার, পাহাড়তলী, চট্টগ্রাম।
২২। মহাপরিচালক মহোদয়ের একান্ত সহকারী (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২৩। গার্ড ফাইল।

২১.৬.২১

মোঃ আল আমিন খান
অতিরিক্ত পরিচালক (প্রশাসন ও অর্থ)
মহাপরিচালকের পক্ষে।
☎: ৪৪৮১৩০৭৩